

বিষয় : জেলা আইসিটি বিষয়ক কমিটির আগস্ট, ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।  
সভাপতি : মোহাম্মদ শফিউল আরিফ  
জেলা প্রশাসক, লালমনিরহাট।  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।  
তারিখ : ১৯/০৮/২০১৮ খ্রিঃ সময় : সকাল ১১.৪৫ ঘটিকা  
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লালমনিরহাট সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহারের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে সরকার “ভিশন ২০২১: ডিজিটাল বাংলাদেশ” ঘোষণা করেছে। সরকারের এই ঘোষণা অনুসারে দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার, প্রয়োগ ও প্রসারের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নির্দেশনায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কাজ করে যাচ্ছে। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	<b>ওয়েব পোর্টাল-সংক্রান্তঃ</b> জেলার প্রত্যেক সরকারি বিভাগীয় স্ব স্ব পোর্টালের তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ, ফেসবুক পেজের লিংক নিজ্জ নিজ্জ ওয়েবপোর্টালের “সামাজিক যোগাযোগ” সাব-মেনুতে সংযুক্ত করতে হবে এবং ইউনিয়ন ও উপজেলা পোর্টালের তথ্য মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখা ও পোর্টালের তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ করা আবশ্যিক।	(ক) জেলা উন্নয়ন ও সমন্বয় সভার সকল সদস্যকে পোর্টালে স্ব স্ব বিভাগের তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ করতে হবে এবং ফেসবুক পেজের লিংক নিজ্জ নিজ্জ ওয়েবপোর্টালের “সামাজিক যোগাযোগ” সাব-মেনুতে সংযুক্ত করতে হবে। (খ) ইউনিয়ন ও উপজেলা পোর্টালে তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ করার বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)কে নির্দেশ দেয়া হয়।	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
০২	<b>ইউডিসি আয় ও সেবা প্রদানের তথ্য আপলোড সংক্রান্তঃ</b> ইউডিসির কার্যক্রম সচল ও বেগবান করা এবং এর মাধ্যমে জনসাধারণকে উপযুক্ত সেবা প্রদান করা প্রয়োজন। কিছু কিছু ইউডিসিতে চুক্তিপত্র মোতাবেক উদ্যোক্তা নেই।	(ক) ইউডিসির কার্যক্রমকে সচল ও বেগবান রাখা এবং এ কার্যক্রমে আয় ও সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি করতে হবে। (খ) ইউডিসি উদ্যোক্তার পদ শূন্য হওয়া মাত্র উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।

(চলমান-০২)

